

🔳 আল-আন'আম | Al-An'am | اُلْأَنْعَام

আয়াতঃ ৬ : ১৫৬

💵 আরবি মূল আয়াত:

أَن تَقُولُوا إِنَّمَا أُنزِلَ الكِتُبُ عَلَى طَآئِفَتَينِ مِن قَبلِنَا وَ إِن كُنَّا عَن دِرَاسَتِهِم لَغُفِلِينَ ﴿١٥۶﴾

যেন তোমরা না বল যে, কিতাব তো নাযিল করা হয়েছিল আমাদের পূর্বের দু'টি দলের উপর এবং আমরা তো তাদের অধ্যয়ন সম্পর্কে ছিলাম গাফেল। — আল-বায়ান

যাতে তারা না বলতে পারে যে কিতাব তো শুধু আমাদের পূর্বের দু'দল (ইয়াহূদী ও খ্রীস্টান) এর উপর অবতীর্ণ হয়েছিল আর আমরা জানতাম না ওরা কী পড়ত আর পড়াত। — তাইসিরুল

যেন তোমরা না বলতে পার : ঐ কিতাবতো আমাদের পূর্ববর্তী দুই সম্প্রদায়ের প্রতি অবতীর্ণ করা হয়েছিল এবং আমরা তাদের পঠন পাঠনে সম্পূর্ণ অজ্ঞ ছিলাম। — মুজিবুর রহমান

[We revealed it] lest you say, "The Scripture was only sent down to two groups before us, but we were of their study unaware," — Sahih International

১৫৬. যেন তোমরা না বল যে, কিতাব তো শুধু আমাদের পূর্বে দু' সম্প্রদায়ের প্রতিই নাযিল হয়েছিল; আমরা তাদের পঠন-পাঠন সম্বন্ধে তো গাফিল ছিলাম।

তাফসীরে জাকারিয়া

(১৫৬) যেন তোমরা না বলতে পার যে,[1] কিতাব তো শুধু আমাদের পূর্বে দুই সম্প্রদায়ের প্রতিই অবতীর্ণ করা হয়েছিল। আর আমরা তাদের পঠন-পাঠন সম্বন্ধে তো অজ্ঞই ছিলাম। [2]

- [1] অর্থাৎ, এই কুরআন এই জন্য অবতীর্ণ করা হয়েছে, যাতে তোমরা এ কথা না বলো। দু'টি সম্প্রদায় বলতে ইয়াহুদী ও খ্রিষ্টানকে বুঝানো হয়েছে।
- [2] কারণ, তা আমাদের ভাষায় ছিল না। তাই মহান আল্লাহ কুরআন কারীমকে আরবী ভাষায় অবতীর্ণ করে এই ওজর-বাহানার পথ রুদ্ধ করে দিলেন।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=945

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন